

জাপানে আইটি উইকে বাংলাদেশ

প্রকাশ : ১১ মে ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



## মাহবুব শরীফ

এশিয়ার তথ্য-প্রযুক্তিবিদদের মিলনমেলা হিসেবে খ্যাত জাপান আইটি উইক। বিভিন্ন দেশের নামি-দামি তথ্যপ্রযুক্তি প্রতিষ্ঠান নিজেদের অত্যাধুনিক সেবাসমূহ তুলে ধরে জাপানের সবচেয়ে বড় এ তথ্যপ্রযুক্তি মেলায়। পাশাপাশি , বিনিয়োগকারী-তথ্যপ্রযুক্তিবিদদের মধ্যে মেলবন্ধন তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে এই মেলা।

টোকিওতে শুরু হওয়া জাপান আইটি উইক গতকাল শেষ হয়েছে। প্রতিবারের মতো এবারো বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে বেসিস। অংশ নিয়েছে মোট ৬২ সদস্যবিশিষ্ট প্রতিনিধিদল। পাশাপাশি জাপান আইটি উইকে অংশ নিয়েছে বাংলাদেশ হাইটেক পার্ক , এলআইসিটি, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-বিসিএস, বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব কল সেন্টার অ্যান্ড আউটসোর্সিং-বাক্য এবং তথ্য-প্রযুক্তি বিভাগের প্রতিনিধিদল।

জাপান আইটি উইকে বাংলাদেশ দলের সঙ্গে রয়েছেন হোসনে আরা বেগম , এনডিসি (সচিব), ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, পার্থপ্রতিম দেব, নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), এস এম আজিজুল ইসলাম , যুগ্মসচিব, বাংলাদেশ হাইটেক পার্ক কর্তৃপক্ষ, রাবাব ফাতিমা, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত, মোহাম্মদ হাসান আরিফ, জাপানে নিযুক্ত বাংলাদেশের কমার্শিয়াল কাউন্সিলর, রাশাদ কবির, বেসিস জাপান ফোকাস রুপের আহ্বায়ক প্রমুখ।

বেসিস থেকে এবার ১৯টি প্রযুক্তি প্রতিষ্ঠান , জাপান আইটি উইকের অন্যতম বৃহত্তম বাংলাদেশ প্যাভিলিয়নে নিজেদের সেবা প্রদর্শন করেছে। অংশ নিয়েছে বেসিস সদস্য প্রতিষ্ঠান- ডেটাসফট সিস্টেমস বাংলাদেশ লিমিটেড , ই-পার্ক আইটি, লিডসফট বাংলাদেশ লিমিটেড, উক্সাসেমি প্রাইভেট লিমিটেড, ইক্সোরা সল্যুশন লি. , প্রাইডসিস আইটি লিমিটেড, ইরা-ইনফোটেক লিমিটেড, বিজেআইটি লিমিটেড, নেসেনিয়া লিমিটেড, ডিয়ার্জ ল্যাব লিমিটেড , মিডিয়া ৩৬৫ লিমিটেড , ব্রেইন স্টেশন ২৩ লিমিটেড , ই-জেনারেশন, বিজেডএম গ্রাফিক্স, ড্রিম ৭১ বাংলাদেশ লিমিটেড , সুবরা সিস্টেমস লিমিটেড, গ্রাহো লিমিটেড, জেনেক্স ইনফোসিস লিমিটেড এবং ডাইনামিক সল্যুশনস ইনোভেটোরস।

এছাড়া প্রতিনিধি হিসেবে অংশ নিয়েছিল বেসিস সদস্য প্রতিষ্ঠান-পিএমএস্পায়ার লিমিটেড , পিক্সেলনেট টেকনোলজিস লিমিটেড , এআইজি ডিস্ট্রিবিউশনস অ্যান্ড কনসালটেন্সি , টিকন সিস্টেমস লিমিটেড , ডেটা গ্রিড লিমিটেড , ফ্লোরা সিস্টেমস লিমিটেড , ফ্রিডম সফট, আই সফটওয়্যার লিমিটেড, পল অ্যান্ড পল কনসালটেন্টস লিমিটেড এবং কমলিঙ্ক ইনফোটেক লিমিটেড।

এছাড়া বেসিসের অংশীজন ইন্টারন্যাশনাল ট্রেড সেন্টার এবং কমনওয়েলথের যৌথ উদ্যোগে পরিচালিত শি-ট্রেডস প্রকল্পের অধীন অংশ নিচ্ছে পাঁচটি বেসিস সদস্য প্রতিষ্ঠান-ইউআই সিস্টেমস লিমিটেড , সিসটেক ডিজিটাল জাপান লিমিটেড , অপাস টেকনোলজি লিমিটেড, এলিগেন্ট টেকনোলজি লিমিটেড এবং টিএমএসএস আইসিটি লিমিটেড।